# উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব গুঞ্জন বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট।

তারিখ ঃ ২৫/০৬/২০২৬ খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

২৫/০৬/২০২৬ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় ২০২৫-২০২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহাতা খাতে লেবুর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচীর বাস্তবায়ন বিষয়ক সভার কার্যবিবরণী ঃ

**উপস্থিতির তালিকা**

| ক্রমিক নং | সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম | পদবী | কর্মস্থল/ঠিকানা |
|---|---|---|---|
| ০১ | মোঃ ওমর ফারুক | উপজেলা কৃষি অফিসার | আদিতমারী |
| ০২ | ডাঃ মোছাঃ মৌসুমী আক্তার | উপজেলা প্রাণি সম্পদ অফিসার | " |
| ০৩ | মোঃ আসাদুজ্জামান | উপজেলা মৎস্য অফিসার | " |
| ০৪ | মোঃ রাকিবুল আহমেদ চৌধুরী | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | " |
| ০৫ | মোঃ এনামুল হাসান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার | " |
| ০৬ | বীরেন্দ্র দেবনাথ | কৃষক প্রতিনিধি | সারপুকুর, আদিতমারী |

জনাব গুঞ্জন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্য বিষয়ের উপর আলোচনা শুরু করার জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি, আদিতমারীকে অনুরোধ জানান। উপজেলা কৃষি অফিসার জেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটির স্মারক নং- ৯৫১(১৬), তারিখঃ ১৭/০৬/২০২৬ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। পত্রের মর্মানুযায়ী তিনি জানান আদিতমারী উপজেলার জন্য ঘটিকায় ২০২৫-২০২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহাতা খাতে লেবুর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচীর বাস্তবায়নের জন্য লেবু চারা ৬০ জন কৃষককে বিনামূল্যে চারা ও জৈব সার সরবরাহ করা হবে। তিনি আরোও জানান শুধুমাত্র তালিকাভূক্ত কৃষক লেবু চারা ও জৈব সার প্রণোদনার আওতায় বিনামূল্যে প্রাপ্য হবেন।

**আলোচ্য বিষয়-০১।** ২০২৫-২০২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে লেবুর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচীর বাস্তবায়ন প্রসঙ্গে।

**আলোচনা ঃ** উপজেলা কৃষি অফিসার ইউনিয়ন ভিত্তিক আবাদি জমি ও জন সংখ্যার উপর ভিত্তিক করে ইউনিয়ন ভিত্তিক কর্মসূচীর বিভাজন নিম্নের ছকপত্র মোতাবেক বাস্তবায়ন করা যেতে পারে মর্মে সভায় প্রস্তাব করেন।

**ছকপত্র**

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | কৃষক সংখ্যা | কর্মসূচীর লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | দূর্গাপুর | ৮ | ৮ | |
| ০২ | ভেলাবাড়ী | ৮ | ৮ | |
| ০৩ | কমলাবাড়ী | ৭ | ৭ | |
| ০৪ | সারপুকুর | ৭ | ৭ | |
| ০৫ | সাপ্টিবাড়ি | ৭ | ৭ | |
| ০৬ | ভাদাই | ৮ | ৮ | |
| ০৭ | পলাশি | ৭ | ৭ | |
| ০৮ | মহিষখোচা | ৮ | ৮ | |
| | সর্বমোট | ৬০ জন | ৬০ | |

সিদ্ধান্ত ঃ বর্নিত ইউনিয়ন ওয়ারী কৃষক ও উপকরনের বিভাজন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

## লেবুর চারা প্রণোদনা কর্মসূচীর আওতায় উপকরণ বিতরণ বিভাজন ঃ

| ক্রমিক নং | ফসলের নাম | উপকরনের নাম ও পরিমাণ | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | চারার সংখ্যা | জৈব সার (কেজি) | ০১ জন কৃষক শুধুমাত্র ০৫টি লেবুর চারা ও জৈব সার ৩০ কেজি সহায়তার জন্য প্রণোদনা হিসাবে নির্বাচিত হবেন। |
| ০১ | লেবুর চারা | ০৫ টি | ৩০ কেজি | |

খ) উপজেলা কৃষি পূনবার্সন বাস্তবায়ন কমিটি কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পরিমান লেবুর চারা স্থানীয় উপযোগীতার ভিত্তিতে বিনা/হর্টিকালচার সেন্টার হতে সরকার নির্ধারিত মূল্যে সন্তোষজনক মান যাচাই সাপেক্ষে উপজেলা পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক ক্রয় ও পরিবহনের ব্যবস্থা নিবেন। উপজেলা নির্বাহী অফিসার প্রাপ্ত চেক উপজেলা কৃষি অফিসারের নিকট সমপরিমান অর্থের চেক প্রদান করবেন। প্রাপ্ত চেকের অর্থ খাতওয়ারী বিধি মোতাবেক ব্যয় করে বিল পাশ পূর্বক উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর গ্রহণ করে মূল বিল ভাউচার এক কপি ও ফটোকপি দুই কপি উপপরিচালক, ডিএই, খামারবাড়ি, লালমনিরহাট মহোদয়ের দপ্তরে সমন্বয়ের জন্য প্রেরণ করবেন।

বিবিধ আলোচনা ঃ উপজেলা কৃষি অফিসার ২০২৫-২০২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহাতা খাতে লেবুর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচীর নীতিমালা পাঠ করে শোনান। এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ (ক) কৃষি প্রনোদনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে তালিকাভুক্ত কৃষক নির্বাচন করে খসড়া অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন।

(খ) উপসহকারী কৃষি কর্মকর্তাগন কর্মসূচী প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের লেবু আবাদের জমি এবং চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহাতা খাতে লেবুর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচীর জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রত্যেক কৃষকের পরিচয়পত্র মাস্টাররোলে সংরক্ষণ করবেন। তিনি কৃষি উপকরণ সহায়তা কার্ডের ভর্তুকি অংশ যথাযথ উপকরনের পরিমাণ লিপিবদ্ধ করবেন। তিনি মাস্টাররোলে প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরণ করবেন। মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্র নম্বর যুক্ত করতে হবে। উপজেলা কৃষি পূনবার্সন বাস্তবায়ন কমিটি (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন) করতে পারবেন। কোন ক্রমেই একজনের উপকরণ অন্যজনকে প্রদান করা যাবে না। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষকের স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন।

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন থেকে আগত কৃষকদের উপস্থিতিতে লেবুর চারা প্রনোদনার অনুমোদিত অগ্রাধিকার তালিকা অনুযায়ী বিতরনে সার্বিক সহযোগিতা করবেন। প্রতি কৃষক এ কর্মসূচীর আওতায় উপকরন সহায়তা হিসেবে ০৫ টি করে লেবুর চারা ও জৈবসার সহায়তা পাবেন।

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৫/৬/২০২৫

( শুভন বিশ্বাস )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পূনবার্সন বাস্তবায়ন কমিটি
আদিতমারী, লালমনিরহাট।

স্মারক নং-১২.১৮.৫২০২.০৪১.১৬.০৬৭.২৫.(৬৩২) তারিখ ঃ ২৫/০৬/২০২৬ খ্রি.

**অনুলিপি ঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো -**

০১। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, লালমনিরহাট।
০৩। উপজেলা ---------------------------------------- অফিসার, সভাপতি/সদস্য, উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি, আদিতমারী, লালমনিরহাট।
০৪। জনাব ------------------------------------------ এসএএও---------------------------- ব্লক। আপনাকে কর্মসূচীর মর্মানুযায়ী আগামী---------- তারিখের মধ্যে কৃষকের তালিকা প্রস্তুত পূর্বক বিতরণকার্যে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
০৫। অফিস কপি।

২৫/৬/২৫

(মোঃ ওমর ফারুক)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি
আদিতমারী, লালমনিরহাট।